

- কালুরঘাট বুস্টার স্টেশন পুনর্বাসন (বুস্টিং ক্ষমতা দৈনিক ১০ কোটি লিটার)
- মোট ১৬০ কি.মি. বিভিন্ন ব্যাসের (১২০০মি.মি. ১০০ মি.মি.) সম্বলন ও বিতরণ পাইপলাইন স্থাপন
- চট্টগ্রাম মহানগরী ও পার্শ্ববর্তী ০৪টি পৌরসভার স্যানিটেশন ও ড্রেনেজ মাস্টার প্ল্যান প্রণয়ন
- চট্টগ্রাম ওয়াসার প্রাতিষ্ঠানিক উন্নয়নসহ এর ব্যবস্থাপনা প্রোগ্রামিং বাজেটিং এবং পরিবীক্ষণের মান উন্নয়নকরণ।

শেখ রাসেল পানি শোধনাগারের উল্লেখযোগ্য প্রকৌশলগত বৈশিষ্ট্য:

হালদা নদী হতে ইনটেক পাম্প স্টেশনের মাধ্যমে পানি উত্তোলন করে পরিশোধন করা হচ্ছে ক্লোরিফায়ার ইউনিটে টিউব সেটেলার প্রযুক্তির ব্যবহার করা হয়েছে। হালদা নদীর পরিবেশগত দিক বিবেচনা করে পানি শোধনাগারের স্জ ব্যবস্থাপনায় স্জ থিকনার ও ডি-ওয়াটারিং প্রযুক্তি ব্যবহার করা হয়েছে। উন্নতমানের স্বয়ংক্রিয় যন্ত্রাংশ (SCADA) সংযোজনের মাধ্যমে পর্যবেক্ষণ, পরিচালনা ও নিয়ন্ত্রণ কাজ সহজীকরণ করা হয়েছে।

প্রকল্পের সুফল:

প্রকল্পটি বাস্তবায়িত হওয়ায় চট্টগ্রাম শহরের পানি সরবরাহ কভারেজ শতকরা প্রায় ৯০ ভাগ এ উন্নীত করা সম্ভব হয়েছে। নগরের নতুন নতুন এলাকা পানি সরবরাহ ব্যবস্থার আওতায় আনা সম্ভব হয়েছে। বুস্টার স্টেশন নির্মাণ এর মাধ্যমে শহরের দক্ষিণাংশে পানির চাপ বৃদ্ধি করা সম্ভব হচ্ছে। শহরে বসবাসরত স্বল্প আয়ের জনগোষ্ঠীর মাঝে পানি সরবরাহ করে স্বাস্থ্য ঝুঁকি হ্রাস করা সম্ভব হয়েছে। চট্টগ্রাম ওয়াসায় ইউটিলিটি মডার্নাইজেশন কার্যক্রম পরিচালনার ফলে বিভিন্ন ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি পেয়েছে। উল্লেখযোগ্য অর্জনগুলোর মধ্যে-

- : ইউটিলিটি ম্যাচুরিটি স্কোর কার্ড ১.৫ হতে ৩.০৬ (৫.০ স্কেলের মধ্যে) এ উন্নীত হয়েছে।
- : জরিপ অনুযায়ী গ্রাহক সন্তুষ্টি ৬৪ হতে ৭৬ শতাংশে উন্নীত হয়েছে যা আন্তর্জাতিক মানদণ্ডে সন্তোষজনক পর্যায়ে রয়েছে।
- : কম্পিউটারাইজড গ্রাহক অভিযোগ ট্র্যাকিং সিস্টেম তৈরি ও পরিচালন কার্যক্রম শুরু করা হয়েছে।
- : কম্পিউটারাইজড মেরামত ও রক্ষণাবেক্ষণ সিস্টেম এর মাধ্যমে চট্টগ্রাম ওয়াসার মেরামত ও রক্ষণাবেক্ষণ বিভাগের পরিচালন মনিটরিং করা হচ্ছে।
- : চট্টগ্রাম ওয়াসার আইএসও ৯০০১:২০১৫ সনদ অর্জন করেছে।
- : ভূ-উপরস্থ পানি ব্যবহারের কারণে চট্টগ্রাম শহরের ভূ-গর্ভস্থ পানির স্তর উর্ধ্বমুখী হয়েছে।

- Kalurghat Booster Station Rehabilitation (boosting capacity 10 million liters daily)
- Establishment of drainage and distribution pipelines of different diameters (1200 mm - 100 mm) of a total length of 160 kilometers.
- Preparation of Sanitation and Drainage Master Plans for Chittagong city and four municipalities around Chattogram.
- Improving the quality of management programming, budgeting and monitoring, including the institutional development of Chattogram WASA.

Notable engineering features of Sheikh Russel Water Refinery:

Water is being purified from the river Halda through intake pump station and the tube settler technology is used in the clarifier unit. Considering the environmental aspects of the river, sludge thinner and dewatering technology is being used in the management of the sludge in the water treatment plant. Monitoring, management and control works have been simplified by adding automatic machineries of advanced quality (SCADA).

Project benefits:

With the implementation of the project, the water supply coverage in the city of Chattogram has been increased to about 90 percent. New areas of the city have been brought under water supply system. With the construction of the booster station, water pressure is increasing in the southern part of the city. By providing water to low-income people living in the city, it is possible to reduce the health risks. Conducting utility modernization activities in Chattogram WASA has increased its utilitarian capacity in many areas.

The most significant achievements of Chattogram WASA are:

- The Utility Maturity Score Card has been increased from 1.5 to 3.06 (in a scale of 5.0).
- According to the survey, customer satisfaction has increased from 64 to 76 percent which is at a satisfactory level in international standards.
- Computerized customer complaint tracking system has been developed and introduced.
- Governance of Repair and Maintenance Department of Chattogram WASA are being monitored by computerized repair and maintenance system.
- Chattogram WASA Obtained ISO 9001-2015 Certificate.
- Ground water level in Chattogram city has gone up due to the use of surface water.



শেখ রাসেল পানি শোধনাগার
Sheikh Russel Water Treatment Plant







**ভাডালজুড়ি
পানি সরবরাহ প্রকল্প
BHANDALJURI
WATER SUPPLY PROJECT**



ভাঙ্গালজুড়ি পানি সরবরাহ প্রকল্প

মুহম্মদ মাহবুবুল আলম

পটভূমি

বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম শহর চট্টগ্রাম, যাতে ৪২ লক্ষ জন সংখ্যা বসবাস করে। এতে হালকা মাঝারি ও ভারী শিল্পকারখানা অবস্থিত। এ শহর বাংলাদেশের বাণিজ্যিক রাজধানী হিসেবেও স্বীকৃত। আন্তর্জাতিক সমুদ্রবন্দর, দেশের প্রথম রঙানি প্রক্রিয়াকরণ এলাকাসহ এটি দেশের শিল্প বাণিজ্যের প্রাণকেন্দ্র হওয়া সত্ত্বেও এর সুযোগ সুবিধা পূর্ণাঙ্গতা লাভ করেনি। চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের ২০১৯-৪১ মাস্টার প্ল্যান অনুযায়ী কর্ণফুলী নদীর ডান ও বাম তীরসহ চট্টগ্রাম শহরের বর্তমান আয়তন ১১৫২ বর্গ কিলোমিটারে উন্নীত হবে।

বর্তমানে কর্ণফুলী নদীর ডান তীরে চট্টগ্রাম শহরের পানি সরবরাহ ব্যবস্থা চালু আছে, যা গ্রাহকের চাহিদার ৯০% হলেও এখানে কোনো পয়ঃনিষ্কাশন ব্যবস্থা এবং স্ট্রমওয়াটার ড্রেনেজের কোনো কার্যকরী সুবিধা নেই।

১৯৬৩ সালে প্রতিষ্ঠানগ্ন হতে চট্টগ্রাম ওয়াসা চট্টগ্রাম পৌরসভা এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর হতে শহরে পানি সরবরাহ করার দায়িত্ব গ্রহণ করে। ৪ মে, ২০০৮ সালে পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন আইন' ১৯৯৬ (ওয়াসা আইন) চট্টগ্রাম ওয়াসায় চালু হয়, ফলশ্রুতিতে চট্টগ্রাম শহরে সরকারি ব্যবস্থাপনায় পানি সরবরাহ, পয়ঃনিষ্কাশন এবং স্ট্রম ওয়াটার ড্রেনেজের দায়িত্ব নিয়ে চট্টগ্রাম ওয়াসা একটি কর্পোরেট প্রতিষ্ঠানে রূপান্তরিত হয়।

ওয়াসা আইন অনুযায়ী জানুয়ারি ২০১১ মাসে চট্টগ্রাম ওয়াসা, স্থানীয় সরকার বিভাগ এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিনিধিদের উপস্থিতিতে সরকারের সাথে একটি পারফরমেন্স চুক্তি স্বাক্ষর করে। এ চুক্তির মূল লক্ষ্য হলো “চট্টগ্রাম ওয়াসা বাংলাদেশ সরকারের কোনো রূপ আর্থিক সাহায্য সহযোগিতা ব্যতীত তার সেবা গ্রহীতাদের যাবতীয় প্রয়োজন মিটিয়ে দক্ষ ও আর্থিকভাবে সক্ষম একটি স্বশাসিত প্রতিষ্ঠান হিসেবে গড়ে উঠে। উন্নয়ন সহযোগীদের সহায়তা নিয়ে চট্টগ্রাম ওয়াসা পানি সরবরাহ, পয়ঃনিষ্কাশন এবং স্ট্রমওয়াটার ড্রেনেজ ব্যবস্থায় বর্তমান অবস্থার উন্নতি সাধন করে সরকারের এ খাতের উদ্দেশ্য পূরণে প্রতিজ্ঞাবদ্ধ।”

BHANDALJURI WATER SUPPLY PROJECT

Muhammad Mahbubul Alam

Background

Chattogram is the second largest city in the People's Republic of Bangladesh with a population of 4.2 million. Light, medium and heavy industries are located here. It has been declared as the Commercial Capital of Bangladesh. Although it is the centre of the country's industry with the largest international sea port and the first export processing zones, its infrastructure is by no means fully developed. The city is expanding rapidly and as such Chittagong Development Authority (CDA) has prepared Chattogram Metropolitan area master Plan (2019-41) Plan for the city covering both the right & left banks of river Karnaphuli with total area of 1152 square kilometres.

Currently the water supply system exists on the right bank of the river Karnaphuli that meets about 90 percent of the total demand; however, there is no sewerage system and effective storm water drainage network.

After being established in 1963 CWASA took over responsibility of the public water supply system from Chattogram Municipality and Public Health Engineering Department. On May 4, 2008, the Water Supply and Sewerage Authority Act, 1996 (WASA Act) was applied to CWASA, consequently it got the shape of a corporate body, solely owned by the Government of Bangladesh (GoB), with the mandate and responsibility for providing water supply, sewerage, and storm water drainage in Chattogram City.

উদ্দেশ্য

বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম শহর চট্টগ্রাম। এটি সামুদ্রিক বন্দর নিয়ে বাণিজ্যিক রাজধানী হিসেবেও খ্যাত। এর উন্নয়নের স্বার্থে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ ডিটেইলড মাস্টার প্ল্যান তৈরি করেছে, যাতে কর্ণফুলী নদীর ডান ও বাম তীরকে অন্তর্ভুক্ত করা হয়েছে। বর্তমানে চট্টগ্রাম ওয়াসার কার্যক্রম কর্ণফুলী নদীর ডান তীরেই সীমাবদ্ধ আছে। কর্ণফুলী নদীর বাম তীরের সাথে যোগাযোগ রক্ষার্থে স্বাধীনতা যুদ্ধের পূর্ব হতেই একটি পুরাতন রেলওয়ে ব্রিজ ছিল, পরবর্তীতে ২০০৯ সালে একটি কংক্রিট নির্মিত হয়েছে, এতে উক্ত এলাকার শিল্পায়ন ও আবাসিক এলাকা গড়ে উঠায় গতিশীলতা লাভ করেছে। ফলে, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের কর্ণফুলী আবাসিক এলাকা, কোরিয়ান রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকাসহ অন্যান্য শিল্প এলাকা গড়ে উঠলেও পানির অভাবে এ সকল উন্নয়নে সঠিক গতিশীলতা আসেনি। বর্তমান সময়ে চট্টগ্রাম ওয়াসা কর্ণফুলী নদীর বাম তীরেও তার কার্যক্রম প্রসারিত করেছে। এ প্রেক্ষিতে মহানগরীর পার্শ্ববর্তী এলাকাসমূহে সৃষ্টি পানি সরবরাহের স্বার্থে Economic Development of Co-operation Fund, Korea (KEDCF), জিওবি এবং চট্টগ্রাম ওয়াসা যৌথ অর্থায়নে 'ভাণ্ডালজুড়ি পানি সরবরাহ প্রকল্প' নামক চট্টগ্রাম ওয়াসা একটি প্রকল্প গ্রহণ করেছে। প্রকল্পটির কাজ সম্পন্ন হলে চট্টগ্রাম ওয়াসার ৬০ এমএলডি পানি সরবরাহ ক্ষমতা বৃদ্ধি পাবে। এতে চট্টগ্রাম শহরের বিশেষত কর্ণফুলী নদীর বাম তীরে বসবাসকারী জনসাধারণ ও বিভিন্ন শিল্প কারখানার উন্নয়নে বিশেষ ভূমিকা রাখবে। EDCF ঋণ সহায়তায় চলমান "ভাণ্ডালজুড়ি পানি সরবরাহ" শীর্ষক প্রকল্পটি চট্টগ্রাম মহানগরীর কর্ণফুলী নদীর বাম তীর সংলগ্ন এলাকায় পাইপ লাইনের মাধ্যমে ৬০ এমএলডি নিরাপদ ও সুপেয় পানি সরবরাহ করা হবে।

এ প্রকল্পের প্রধান উদ্দেশ্য হলো দৈনিক ৬০ এমএলডি সুপেয় পানি উৎপাদনের মাধ্যমে কর্ণফুলী নদীর বাম তীরে চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার পার্শ্ববর্তী এলাকায় আবাসিক ও বাণিজ্যিক ব্যবহারের মাধ্যমে পানি সরবরাহ ব্যবস্থা উন্নতকরণ। এ প্রকল্পের উল্লেখযোগ্য উদ্দেশ্যসমূহ নিম্নরূপঃ-

- ক) চট্টগ্রাম শহরের কর্ণফুলী নদীর বাম তীরে পাইপের মাধ্যমে পানি সরবরাহ ব্যবস্থাকরণ।
- খ) চট্টগ্রাম ওয়াসার পানি উৎপাদন ক্ষমতা বৃদ্ধিকরণ।
- গ) বর্ধিত এলাকায় শিল্পায়নে গতিশীলতা আনয়ন।
- ঘ) চট্টগ্রাম শহরের নিকটবর্তী সুপেয় ও নিরাপদ পানির এলাকা হিসেবে গড়ে তোলা।
- ঙ) চট্টগ্রাম শহরের নিকটবর্তী এলাকায় নগরায়নে ভূমিকা রাখতে সহায়তা করা।

In January 2011, in accordance with the provisions of the WASA Act, CWASA signed a Performance Agreement with the GoB in presence of the representatives of Local Government Department (LGD) and Local Government, Rural Development and Cooperative (LGRD&C) Ministry. The main objective of the agreement is "to develop CWASA into an efficient and financially autonomous organization capable of meeting consumer needs without recourse to GOB financial and budgetary support. With donor assistance, CWASA is committed to improve the water supply, sewerage and storm water drainage situation in support of overall Government sector objectives."

Objective

Chattogram is the second largest city in Bangladesh. With the seaport the city is also famous as commercial capital of Bangladesh. Chittagong Development Authority (CDA) has prepared detailed Master plan of the city for development that included both the left & right bank of river Karnaphuli. Presently CWASA's activity is concentrated on the right bank of river Karnaphuli only. There has been an old railway bridge connecting both the banks of the river since pre-partition era. A new concrete bridge has been constructed in 2009 that facilitated the industrial growth and building up of residential area on the other bank. CDA Karnaphuli Residential Area, Korean Export Processing Zone (KEPZ) and many other industrial units are flourishing. But due to the absence of water supply the development is not getting expected momentum. Presently CWASA is extending its activities on the left bank of river Karnaphuli too.

The Main objective of this project is to provide 60 MLD of safe water for domestic & non domestic use by developing water supply system at the left bank of Karnaphuli river adjacent to metropolitan city of Chattogram.

- a) To introduce pipe water supply system in the left bank of Karnaphuli river in the city.
- b) To increase potable water production capacity.
- c) To create a momentum in industrialization.
- d) To establish a safe water region.
- e) To help urbanizing outskirts of Chattogram City.

ভাগুলজুড়ি প্রকল্পের পানিশোধনাগারের সম্ভাব্য চিত্র

এ প্রকল্পের আওতায় ৬০ এমএলডি বা ৬ কোটি লিটার ভূ-উপরিস্থ পানি পরিশোধন, ১২০ কিলোমিটার ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন পাইপলাইন স্থাপন, পটিয়া এবং আনোয়ারা এলাকায় ২টি রিজার্ভার নির্মাণ কাজসহ প্রত্যেক বাড়িতে আলাদা গৃহসংযোগ অন্তর্ভুক্ত আছে।

প্রকল্প ব্যয়

বর্ণিত প্রকল্পের মোট প্রাক্কলিত মূল্য ১৯৯৫.১৫ কোটি টাকা, যার ১১৫০.৬৫ কোটি টাকা বাংলাদেশ সরকার, ৮২৪.৫০ কোটি টাকা কোরিয়ান এক্সিমব্যাংকের উন্নয়ন সহযোগিতা এবং ২০.০০ কোটি টাকা চট্টগ্রাম ওয়াসা হতে ব্যয়িত হবে।

বর্ণিত প্রকল্পের আওতায় পটিয়া, বোয়ালখালী ও আনোয়ারার সিডিএ আবাসিক এলাকায় ১৯ এমএলডি এবং আনোয়ারা ও কর্ণফুলী উপজেলায় অবস্থিত কোরিয়ান ইপিজেড, চাইনিজ ইকোনোমিক জোন, সিইউএফএল, কাফকোসহ বিভিন্ন শিল্প কারখানায় ৪১ এমএলডি পানি সরবরাহ করা হবে। এতে শিল্পায়নের প্রভূত উন্নতি সাধনের মাধ্যমে স্থানীয় জনসাধারণের বেকারত্ব লাঘবে সহায়ক ভূমিকা পালন করবে। এ ছাড়াও জনসাধারণের মাঝে নিরাপদ ও সুপেয় পানি সরবরাহে সরকারের অতীষ্ট SDG লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম হবে।

লেখক : তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম ওয়াসা

Potential image of the water purification plant of the Bhandaljuri project


Under this project, 60 MLD surface water treatment plant, 110 KM transmission & distribution pipeline, two reservoirs at Patiya and Anwara and tertiary pipeline and individual house connection will be constructed.

Project costs

The total estimated cost of the project is Tk 1995.15 crore, of which Tk 1150.65 crore will be financed by the Government of Bangladesh, Tk 824.50 crore development aids from the Korean Axim Bank and Tk.20 crore will be spent by Chattogram WASA.

Under the project, 19 MLD water will be supplied to CDA residential areas of Patiya, Boalkhali and Anwara upazilas and 41 MLD water will be supplied to various industries including Korean EPZ, Chinese Economic Zone, CUFL, KAFCO located in Anwara and Karnaphuli Upazilas. It will play a vital role in reducing the unemployment of the local people by improving the industrialization. In addition, it will enable the government to achieve the SDG target for providing safe drinking water to the people.

Author: Superintending Engineer, Chattogram WASA



চট্টগ্রাম ওয়াসা ভান্ডালজুড়ি
পানি সরবরাহ প্রকল্প

BHANDALJURI WATER SUPPLY
PROJECT OF CHATTOGRAM WASA







Photo : Haider Ali

চট্টগ্রাম ওয়াসা ভান্ডালজুড়ি
পানি সরবরাহ প্রকল্প

BHANDALJURI WATER SUPPLY
PROJECT OF CHATTOGRAM WASA





চট্টগ্রামে পয়ঃনিষ্কাশন ব্যবস্থার সংযোজন এবং সুপেয় পানির উৎসের দূষণরোধ

মোহাম্মদ আরিফুল ইসলাম

কর্ণফুলী নদীর তীরে চট্টগ্রাম শহরের গোড়াপত্তন। নবম শতকে যখন আরব ব্যবসায়ীরা চট্টগ্রামে বসতি স্থাপন করে তখন হতে বন্দর ও বাণিজ্য কেন্দ্র হিসেবে এ শহরের গুরুত্ব বাড়তে থাকে। ১৯৪৭ সালে দেশ বিভাগের পরে চট্টগ্রাম পূর্ব পাকিস্তানের সামুদ্রিক বাণিজ্যের কেন্দ্রবিন্দুতে পরিণত হয়। সমুদ্র বন্দরের প্রসার চট্টগ্রাম শহরে শিল্প, বাণিজ্যিক ও প্রশাসনিক প্রতিষ্ঠানের উন্নয়ন ঘটায়। এখানে অনেক বড়, মাঝারি ও ক্ষুদ্র শিল্প স্থাপন করা হয়েছে। চট্টগ্রাম ওয়াসা গঠনের পূর্বে জনস্বাস্থ্য প্রকৌশল ও চট্টগ্রাম মিউনিসিপ্যালিটি ২৫টি নলকূপের সাহায্যে দৈনিক প্রায় ২ কোটি লিটার পানি সরবরাহ করতো। নিরাপদ পানি সরবরাহ এবং পয়ঃনিষ্কাশন ব্যবস্থা নির্মাণ, পরিচালন ও সংরক্ষণ ওয়াসার উদ্দেশ্য হওয়া সত্ত্বেও প্রতিষ্ঠালগ্ন অর্থাৎ ১৯৬৩ সাল থেকে এ যাবত চট্টগ্রাম ওয়াসা'র কার্যক্রম প্রধানত সুপেয় ও নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থায় সীমাবদ্ধ ছিল। দীর্ঘ ৫৬ বছর পর স্বাস্থ্যসম্মত পরিবেশ ব্যবস্থাপনার মাধ্যমে চট্টগ্রাম মহানগরবাসী যাতে উন্নত ও স্বাস্থ্যসম্মত জীবন ধারণ করতে পারে সেজন্য বাংলাদেশ সরকার চট্টগ্রাম মহানগরীতে প্রথমবারের মতো পয়ঃনিষ্কাশন সেবাও চালু করতে যাচ্ছে।

ESTABLISHING SEWERAGE SYSTEM IN CHATTOGRAM METROPOLITAN AND ASSURING POLLUTION-FREE SOURCES OF POTABLE WATER

Mohammed Ariful Islam



Chattogram city has grown up on the bank of Karnaphuli river. It's importance as a port and trading center goes back to the 9th century when Arab traders settled down in Chattogram. After the partition in 1947, Chattogram became the center of maritime trade of East Pakistan. Parallel to the growth of the port runs the development of industries, commercial and administrative institutions in Chattogram City. Many large, medium and small scale industries have been set up here. Before forming the Chattogram Water Supply & Sewerage Authority, Public Health Engineering and Chattogram Municipality jointly supplied potable water on average 20 million liters to the city dwellers daily extracting ground water by 25 deep tube wells. Despite the initiatives of CWASA for potable water supply, construction of sewerage system, operations and maintenance from very inception of its foundation in 1963, but the main activities of CWASA were confined only to supply potable and safe water. After long 56 years of the formation of CWASA, Bangladesh government is going to introduce first ever sewerage service in Chattogram metro areas aimed at improved and hygienic lifestyle of the city dwellers through hygienic environment management.

পয়ঃনিষ্কাশন সেবা কী?

সহজবোধ্য ভাষায় বলতে গেলে মহানগরবাসীর বসতবাড়ি হতে বৃষ্টির পানি (Storm Water) ছাড়াও আরো দুই ধরনের তরল বর্জ্য নিঃসৃত হচ্ছে। এ দুই ধরনের তরল বর্জ্য হলো বাসাবাড়ির রান্নাঘর ও গোসলখানা হতে নিঃসৃত পানি এবং টয়লেটের সেপটিক ট্যাংক হতে নির্গত তরল বর্জ্য (ওভারফ্লো) সরাসরি রাস্তার পার্শ্বস্থ নালা নর্দমায় প্রবাহিত হচ্ছে। পয়ঃনিষ্কাশন ব্যবস্থা স্থাপনের মাধ্যমে নিঃসৃত এ দু ধরনের তরল বর্জ্যের নালায় প্রবাহ সম্পূর্ণ বন্ধ করা হবে এবং নালার পরিবর্তে তরল বর্জ্য সরাসরি রাস্তায় স্থাপিত পাইপের মাধ্যমে প্রবাহিত হয়ে পরিশোধন প্ল্যান্টে পাঠিয়ে দেয়া হবে। পরিশোধন প্ল্যান্টে যথাযথভাবে পরিশোধনের পর তা আবার পরিবেশে ছেড়ে দেয়া হবে। এ ব্যবস্থায় যুক্ত বসতবাড়িতে আর কোনো সেপটিক ট্যাংক ব্যবহার / নির্মাণের প্রয়োজন নেই। শুধুমাত্র বাড়ির ছাদ হতে নির্গত বৃষ্টির পানি রেইন ওয়াটার পাইপের মাধ্যমে সরাসরি রাস্তার পার্শ্বস্থ নালায় প্রবাহিত হওয়ার সুযোগ থাকবে। এক কথায় বৃষ্টির পানি ব্যতীত (দুর্ভাগ্যজনকভাবে কতিপয় ক্ষেত্রে বৃষ্টির পানিও) বাসাবাড়ির নিঃসৃত সকল তরল বর্জ্য পাইপ সংযোগের মাধ্যমে পরিশোধন প্ল্যান্টে নিয়ে পরিশোধন করাই হলো পয়ঃনিষ্কাশন ব্যবস্থা।

What is sewerage service?

It is easily understandable that besides the rain water, there are two other liquid effluents drawn out from the households of the metropolitan city. These two types of liquid effluents are the extracted waste water from kitchen and wash rooms and the overflow of the septic tank which directly fall into the roadside drains. Sewerage system means to fully stop the delivery of these two types of liquid effluents into the drains and instead of falling into drains, these waste water will be sent directly to the treatment plant from the households through pipe lines. After proper treatment of this waste water in the plant, the treated water will be discharged back into the environment. The households linked with this sewerage system will not need the use of septic tank or its construction in the premises. But only the storm water accumulated in the roofs of the households will be delivered directly to roadside drains through rain water pipe. In one sense, all types of liquid wastes except storm water, in some unlucky cases storm water as well will be collected through pipe line network and sent directly to the treatment plant, it's called Sewerage System.



চট্টগ্রাম মহানগরীতে পয়ঃনিষ্কাশন সেবা প্রবর্তন কেন প্রয়োজন?

চট্টগ্রাম শহর গড়ে উঠেছে কর্ণফুলী ও হালদা নদীকে ঘিরে। এ দুটি নদী চট্টগ্রাম মহানগরীর সুপেয় পানি উৎপাদনের উৎসও বটে। চট্টগ্রাম মহানগরীর অর্থনৈতিক অগ্রগতি ও সুপেয় পানি সরবরাহের জন্য এ দুটি নদীর গুরুত্ব অপরিসীম। উপরোল্লিখিত বসতবাড়ি নিঃসৃত এ দুই ধরনের তরল বর্জ্য রাস্তার পার্শ্বস্থ নালার মাধ্যমে খাল হয়ে কর্ণফুলী ও হালদা নদী এবং বঙ্গোপসাগরে পতিত হচ্ছে যা সহনীয় পরিবেশের জন্য উদ্বেগের কারণ। তাই এ দুটি নদীকে দূষণ থেকে রক্ষা করতে হবে। বর্তমানে চট্টগ্রাম মহানগরীতে পানি সরবরাহ সন্তোষজনক হলেও মহানগরীর কোনো অংশই প্রকৃতপক্ষে কোনোপ্রকার পয়ঃনিষ্কাশন ব্যবস্থার সাথে যুক্ত নয়। নগরীর অধিকাংশ (প্রায় ৮৮%) বসতবাড়িতে মূলত অনসাইট স্যানিটেশন ব্যবস্থার (স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন ও সেপ্টিক ট্যাংক) সাথে যুক্ত। ফলে অধিকাংশ জনসংখ্যা প্রতীকস্বরূপ সেপ্টিক ট্যাংক ও পোর-ফ্লাশ স্যানিটেশন ব্যবস্থা (অন-সাইট) ব্যবহার করে। নগরীতে নিয়মিত পয়ঃবর্জ্য সংগ্রহের কোনো প্রতিষ্ঠিত ব্যবস্থা না থাকায় বিভিন্ন উৎস হতে নিঃসৃত পয়ঃবর্জ্য মূলত রাস্তার পাশের নালায় নিপতিত হওয়া ছাড়া কোনো বিকল্প নেই। পয়ঃবর্জ্য পরিশোধনের সামান্যতম কোনো ব্যবস্থাই নেই। এতে করে খাল বিল ভরাট হয়ে জলাবদ্ধতা সৃষ্টি করে এবং বেশির ভাগ অংশ চট্টগ্রাম মহানগরীর সুপেয় পানির উৎস কর্ণফুলী ও হালদা নদীতে পতিত হয়।

Why is it necessary to introduce sewerage methodology in Chattogram city?

Chattogram city is built up encircling the rivers Karnaphuli and Halda. These two rivers are the sources of producing potable water for the Chattogram metropolis. The importance of these two rivers is unlimited for economic growth and potable water supply for Chattogram metropolitan. Mentionable that these two types of waste water is discharged from households to roadside drains which feed drainage canals those flow to the Karnaphuli and the Halda rivers as well as in the Bay of Bengal which are the reasons of anxiety for tolerable environment. So, the pollutions of these two rivers are needed to be protected. Though the present water supply in the Chattogram metropolis is satisfactory, but not any point of the city as yet introduced with sewerage system. Most of the households (88%) in Chattogram metropolitan area are basically using onsite sanitation systems (hygienic toilet connected with septic tank). As a result, majority population of the city uses septic tank and four-flash sanitation system (on site).

In the absence of any established regular sewerage effluents collecting system in the city,

চট্টগ্রাম মহানগরীর পয়ঃনিষ্কাশন ব্যবস্থা স্থাপন প্রকল্প (প্রথম পর্যায়)
Project for Establishment of Sewerage System in Chattogram Metropoliton (1st phase)



এভাবে বর্তমানে নগরীতে প্রতিদিন প্রায় ২৮৮ মিলিয়ন লিটার Waste Water নিঃসৃত হচ্ছে, যা আগামী ২০৩০ সাল নাগাদ প্রতিদিন ৫১৫ মিলিয়ন লিটার হবে। এ ছাড়াও নগরীতে প্রতিদিন প্রায় ৫৩৯ ঘনমিটার ফিক্যাল স্লাজ সেপটিক ট্যাংকে জমা হচ্ছে, যা আগামী ২০৩০ সাল নাগাদ প্রতিদিন প্রায় ৭১৫ ঘনমিটার হবে। ফলে নদীর পানি প্রতিনিয়ত দূষিত হচ্ছে, যা সার্বিকভাবে চট্টগ্রামের পরিবেশ দূষণ করছে এবং ভবিষ্যতে চট্টগ্রাম মহানগরীতে সুপেয় পানি সরবরাহে সংকট সৃষ্টিরও আশংকা রয়েছে।

চট্টগ্রাম মহানগরীর পয়ঃনিষ্কাশন ব্যবস্থা প্রবর্তনে চট্টগ্রাম ওয়াসার উদ্যোগ:

চট্টগ্রাম শহরে পয়ঃনিষ্কাশন ব্যবস্থার সূচনা এবং ক্রমান্বয়ে শহরের সকল জনগণকে আধুনিক পয়ঃনিষ্কাশন ব্যবস্থার আওতায় আনার জন্য চট্টগ্রাম ওয়াসা পুরো শহরে পরিকল্পিত স্যানিটেশন ব্যবস্থা প্রবর্তনের মাস্টার প্ল্যান-২০১৭ প্রণয়ন করেছে। এতে আগামী ৩০ বছরের মধ্যে ওয়েস্ট ওয়াটার সংগ্রহ ও পরিশোধন অবকাঠামো খাতে বিনিয়োগ চিহ্নিত করা হয়েছে, যা পর্যায়ক্রমে চট্টগ্রাম ওয়াসা বাস্তবায়ন করবে। উক্ত মাস্টার প্লানে পুরো শহরকে ০৬টি ক্যাচমেন্ট এলাকায় ভাগ করে প্রতি জোনের জন্য ০১টি করে পয়ঃশোধনাগার (এসটিপি) নির্মাণ এবং পুরো শহরের জন্য ২টি ফিক্যাল স্লাজ শোধনাগার স্থাপনের সুপারিশ করা হয়েছে। মাস্টার প্লানের সুপারিশ অনুসারে চট্টগ্রাম ওয়াসার ১০০% পরিবেশবান্ধব স্যানিটেশন ব্যবস্থা উদ্যোগের অংশ হিসেবে ০১টি ক্যাচমেন্ট (হালিশহর) এর জন্য বাংলাদেশ সরকারের অর্থায়নে ৩৮০.৮.৫৭ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে “চট্টগ্রাম মহানগরীর পয়ঃনিষ্কাশন ব্যবস্থা স্থাপন প্রকল্প (১ম পর্যায়)” শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। এ প্রকল্পের আওতায় আনুষঙ্গিক পয়ঃলাইন নির্মাণসহ নিম্নোক্ত স্যানিটেশন সুবিধাদি নির্মাণ করা হবে।

প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম :

- ০১টি পয়ঃশোধনাগার নির্মাণ
(ক্ষমতা : প্রতিদিন ১০ কোটি লিটার);
- পয়ঃপাইপ লাইন নির্মাণ (প্রায় ২০০ কিঃমিঃ);
- গ্রাহক সার্ভিস লাইন (প্রায় ১৪৪ কিঃমিঃ);
- ০১টি ফিক্যাল স্লাজ (সেপটিক ট্যাংক বর্জ্য)
শোধনাগার নির্মাণ (ক্ষমতা : প্রতিদিন ৩০০ ঘনমিটার);
- অনসাইট স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন এবং ফিক্যাল
স্লাজ সংগ্রহ ও পরিবহন সরঞ্জাম;

এটি চট্টগ্রাম মহানগরীর পয়ঃনিষ্কাশন ব্যবস্থা স্থাপনে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের প্রতিফলন। এ প্রকল্প বাস্তবায়নের সুফল হিসেবে প্রায় ২০ লক্ষ জনগণকে উন্নত

there is no minimum arrangement for treatment of waste which ultimately creates water logging by filling drains and canals and major portions ultimately discharging into the potable water sources -- Karnaphuli and Halda rivers. By this way, the city is now discharging 288 million liter waste water every day which will rise to 515 million liters by 2030. Besides, 539 cubic meter fecal sludge is being accumulated in septic tank every day in the city which will go up by 715 cubic meters by 2030. As a result, the river water is being polluted regularly which is overall polluting the environment of Chattogram city also. And hence, there is a great suspicion of a crisis of safe potable water supply in Chattogram metropolis in coming days.

Initiatives of CWASA for installing sewerage system in Chattogram Metropolis

With a view to introducing sewerage system in Chattogram city and bringing the entire city under modern sewerage systems gradually, CWASA has formulated a Master Plan in 2017. In next 30 years, the investment so identified for collections of waste water and thereby treatment will be implemented in phases by CWASA. In the said Master Plan, the Chattogram city area has been divided into six sewerage catchments, with a sewage treatment plant serving each catchment and two Fecal Sludge Treatment Plants for the whole city. According to recommendations of the Master Plan, as a part of the initiatives of 100% environment-friendly sanitation systems, a project titled ‘Project for Establishment of Sewerage System in Chattogram Metropolitan (1st Phase)’ at an estimated cost of BDT 3808.57 crores funded by Government of Bangladesh is being implemented for catchment-1(Halishahar). Under this project, under-mentioned sanitation facilities will be constructed including construction of related sewer lines:

Major activities of the Project :

- Construction of Sewage Treatment Plant (Capacity: 10000000 liter/day) – 01 No.
- Construction of Sewer Line (appx. 200 km)
- Consumer Service Line (approx. 144 km)
- Construction of Fecal Sludge Treatment Plant (300 cubic meter/day) No-1
- Development of site sanitation systems and fecal sludge collection & transportation equipment.

পয়ঃব্যবস্থার আওতায় আনা সম্ভব হবে। আগামী ২০২৩ সাল নাগাদ শতকরা ১৯ ভাগ জনগোষ্ঠীকে পয়ঃনিষ্কাশন ব্যবস্থার আওতায় আনা সম্ভব হবে এবং অবশিষ্ট জনগোষ্ঠীর শতকরা ৪১ ভাগকে নিরাপদ সেপটিক স্লাজ ব্যবস্থাপনার আওতায় আনা সম্ভব হবে। উক্ত প্রকল্পের আওতায় হালিশহর ক্যাচমেন্ট এলাকার জন্য পয়ঃশোধনাগার নির্মাণ, ফিকেল স্লাজ ম্যানেজমেন্ট অবকাঠামো নির্মাণ এবং পয়ঃলাইন নির্মাণ করা হবে। এ সকল স্যানিটেশন অবকাঠামোর নকশা ও নির্মাণ তদারকিকরণ সেবার জন্য মালয়েশিয়া ভিত্তিক কারিগরি পরামর্শক প্রতিষ্ঠান JV of ERINCO SDN. BHD., Malaysia-কে নিয়োগ প্রদান করেছে চট্টগ্রাম ওয়াসা। সেই সাথে এ প্রকল্প বাস্তবায়নে চট্টগ্রাম সিটি কর্পোরেশনসহ মহানগরীর সকল জনগণের সহযোগিতারও প্রয়োজন হবে।

পয়ঃনিষ্কাশন ব্যবস্থা স্থাপনে বৈশ্বিক চ্যালেঞ্জ ও বাংলাদেশ প্রেক্ষাপট:

পয়ঃনিষ্কাশন ব্যবস্থা স্থাপন সবসময়ের জন্য একটি জটিল ও সময়সাপেক্ষ কাজ। সে সাথে এ খাতে বেসরকারি বিনিয়োগ এখনো অক্ষয়সাহিত রয়েছে। সারা বিশ্বে এটিকে একটি চ্যালেঞ্জ হিসেবে দেখা হচ্ছে। এ কারণে প্রতিবছর বিশ্বে পয়ঃনিষ্কাশন কভারেজ ১% এর কম হারে বৃদ্ধি পাচ্ছে। তাই নতুন একটি ধারণা এখন সারা বিশ্বে প্রচলিত। আর তা হলো Safely Managed Sanitation।

অর্থাৎ পয়ঃনিষ্কাশন ব্যবস্থা স্থাপনের পাশাপাশি নিরাপদ উপায়ে সেপটিক স্লাজ ব্যবস্থাপনাও সমধিক গুরুত্ব সহকারে বিবেচ্য হচ্ছে। বর্তমানে বিশ্বের মোট জনসংখ্যার প্রায় শতকরা ৪০ ভাগ নিরাপদ স্যানিটেশন সুবিধার আওতায় রয়েছে। আর বিশ্বের মোট জনগোষ্ঠীর প্রায় ১৫% এখনো উন্মুক্ত স্থানে মল-মূত্রত্যাগ করে, যার মধ্যে দক্ষিণ এশিয়ায় ৩৬% , পার্শ্ববর্তী দেশ ভারতে প্রায় ৪৫% এবং বাংলাদেশে প্রায় শূন্যের কাছাকাছি রয়েছে।

এসডিজি ৬.২ এর লক্ষ্য অর্জনে সরকার বন্ধপরিকর এবং সে-লক্ষ্যে চট্টগ্রাম ওয়াসা কাজ করে যাচ্ছে। চট্টগ্রাম মহানগরীতে কোনো প্রতিষ্ঠিত ফেক্যাল স্লাজ ব্যবস্থাপনা না থাকায় বসতবাড়ির সেপটিক স্লাজ সুইপারদের মাধ্যমে খালি করা হলেও, তা নিকটবর্তী নালা বা খালে ফেলে দেয়া হচ্ছে। ফলে একটি ৫ ঘনমিটার সেপটিক ট্যাংকের বর্জ্য প্রায় ১০,০০০ লোকের উন্মুক্ত স্থানে মল-মূত্রত্যাগের সমতুল্য, যা ভয়াবহ পরিবেশ দূষণ করছে এবং জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি হয়ে দাঁড়িয়েছে। অবশ্য চট্টগ্রাম মহানগরী বঙ্গোপসাগর সংলগ্ন হওয়ায় নদী দূষণের ওপর প্রতিদিনের জোয়ার-ভাটার প্রভাব আশীর্বাদস্বরূপ।

লেখক: তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম ওয়াসা

This is the reflections of pledges of the Honorable Prime Minister for establishing the sewerage system in Chattogram metropolitan areas. As an outcome of this project, it will enable to bring 2 million city dwellers under modern sewerage system. By 2023, about 19% of city population will come under sewerage system and 41% of the remaining may be brought under safe septic sludge management. Under this project, Sewage Treatment Plant (STP), Fecal Sludge Management (FSM) infrastructure and sewer lines will be constructed in Halishahar Catchment areas. In the meantime, Chattogram WASA has appointed a consultants firm JV of ERINCO SDN.BHD, MALAYSIA for designing and construction supervision of sanitation infrastructure. At the same time, CWASA desires cooperation of Chattogram City Corporation and the city dwellers irrespective of opinions for implementing the mega project successfully.

Global challenge in installing sewerage management system and context of Bangladesh

Construction of Sewerage System is always a complex and time consuming work. At the same time, the private investment in this sector is yet un-encouraged. It is sighted as a challenge across the world. For this reason, the sewerage coverage across the world increasing less than one percent per year. So a new concept is introduced globally. This concept is titled as 'Safely Managed Sanitation'. It means, beside the establishment of a sewerage system, it considers more emphasis on safe Septic Sludge Management. In present world, 40% of the total population remained under safe sanitation advantages and 15% of world population release stools and urine under open sky. The percentage of open relieve of stools in South Asian countries 36%, neighboring India 45% and near about zero percentage in Bangladesh. Government of Bangladesh is committed to achieve SDG 6.2 target and with this aims, CWASA is moving ahead. Lack of any established Fecal Sludge Treatment Plant in Chattogram Metropolis, the septic sludge of the households is cleaned manually by the sweepers which ultimately dumped into nearby drains or canals. As a result, the 5 cubic meter septic tank waste is equivalent to stools of about 10,000 people which polluting environment and posing severe threat to public health. By all means, the location of Chattogram Metropolitan near the Bay of Bengal, the influence of daily tide and ebb of the sea is a kind of blessings against the river pollution.

Author: Superintending Engineer, Chattogram WASA

নতুন যুগে চট্টগ্রাম ওয়াসা

পানি যাবে বঙ্গবন্ধু
শেখ মুজিব শিল্পনগরে

মোহাম্মদ নুরুল আমিন

চট্টগ্রাম শহরের বাসিন্দাদের নিকট পানি সরবরাহের জন্য চট্টগ্রাম পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষের (CWASA) দায়বদ্ধতা রয়েছে। চট্টগ্রাম ওয়াসার আওতাভুক্ত এলাকায় নির-বিচ্ছিন্ন পানি সরবরাহের জন্য বর্তমানে তিনটি ভূ-উপরিস্থ পানি শোধনাগার রয়েছে এবং এই পানি শোধনাগারগুলির পাশাপাশি কয়েকটি গভীর নলকূপ পরিচালনা করা হয়। বর্তমানে চট্টগ্রাম ওয়াসার মোট উৎপাদন ক্ষমতা প্রায় ৩৬০ এমএলডি। চট্টগ্রাম শহরে ও কর্ণফুলী নদীর দক্ষিণে সুপেয় পানি সরবরাহের জন্য বাংলাদেশ সরকার এবং উন্নয়ন কাজে সহায়তা দানকারী বিদেশি সংস্থার আর্থিক সহায়তায় চট্টগ্রাম ওয়াসা বেশ কয়েকটি প্রকল্প বাস্তবায়ন করেছে। এ ছাড়াও চট্টগ্রাম ওয়াসা শহরের উত্তর অংশে ওয়াটার নেটওয়ার্ক সম্প্রসারণ করার এবং শিল্প অঞ্চলগুলিতে বিশেষত মিরসরাই এবং সীতাকুণ্ডে পানি সরবরাহ করার পরিকল্পনা করেছে।

চট্টগ্রামের মিরসরাই উপজেলা এবং ফেনী জেলার সোনাগাজী উপজেলায় বেঙ্গা কর্তৃক কার্যকর হওয়া দেশের অন্যতম বৃহত্তম অর্থনৈতিক অঞ্চল হল বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প নগর (BSMSN) প্রকল্পটি।

CHATTOGRAM WASA IN A NEW ERA

WATER TO BE SUPPLIED TO
BANGABANDHU SHEIKH MUJIB
SHILPA NAGAR

Muhammad Nurul Amin

Chattogram Water and Sewerage Authority (CWASA) has the liability to provide water supply to the inhabitants of Chattogram city. At present, CWASA operates three surface water treatment plants (WTPs) along with some deep tube wells to produce and distribute about 360 MLD of water to the CWASA service area. With assistance from the Government of Bangladesh and development partners, CWASA is implementing several projects to rehabilitate and expand the water supply system both in the city and the southern part of Karnaphuli River to facilitate Korean EPZ. Besides, CWASA is planning to expand its Water network to the northern part of Chattogram and provide water supply to the industrial zones of that part especially at Mirsarai and Sitakunda.

One of the biggest Economic Zones (EZ), being implemented by Bangladesh Economic Zone Authority (BEZA) is the Bangabandhu Sheikh MujibShilpa Nagar (BSMSN) project comprising Mirsarai Upazilla in Chattogram and Sonagazi in Feni District.

বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) বাংলাদেশের সকল সম্ভাবনাময় অঞ্চলে অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা করার লক্ষ্য হিসেবে চট্টগ্রামের মীরসরাইয়ে বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প নগর (BSMSN) প্রকল্পটি দেশের অন্যতম বৃহত্তম অর্থনৈতিক অঞ্চল হিসেবে বাস্তবায়ন করছে। এটি চট্টগ্রাম শহর থেকে ৬০ কিমি উত্তরে অবস্থিত। সরকারি, বেসরকারি এবং বিদেশি প্রত্যক্ষ বিনিয়োগের মাধ্যমে বহুমাত্রিক উন্নয়নের সমন্বয় করে শিল্প নগরটিকে একটি দীর্ঘমেয়াদি শিল্প নগরীতে উন্নীত করা হবে। বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগর (BSMSN) এর বর্তমান আয়তন প্রায় ৩০,০০০ একর। যার মধ্যে চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলায় দশটি মৌজা এবং ফেনী জেলার সোনাগাজী উপজেলায় ছয়টি মৌজা রয়েছে।

BSMSN অঞ্চলে পানির চাহিদা মূল্যায়নের জন্য প্রাথমিকভাবে বিশদ সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়েছে। BSMSN এলাকার পানি সরবরাহের প্রয়োজনীয়তা অনুযায়ী বিভিন্ন বিকল্প পদ্ধতি চিহ্নিত করা হয়েছে। প্রস্তাবিত বিকল্পগুলির মধ্যে অন্যতম একটি হল প্রস্তাবিত মোহরা পানি শোধনাগার (পর্যায়-২) থেকে পানি সরবরাহ করা।

হালদা নদীর পানিসম্পদ উন্নয়ন

